

অরিধ 02 DEC 1986 1986

পৃষ্ঠা ... 1 কলাম 7 ...

১০৮৮ ০৭

দেশিক ইব্রাহিম

প্রায় ৪ হাজার স্কুল কলেজে অনিশ্চিত অবস্থা

॥ আবদুর রহিম ॥

দেশের প্রায় ৪ হাজার স্কুল ও কলেজের মঙ্গুরী লাভ এবং নবম ও একাদশ শ্রেণী খোলার অনুমতির ক্ষেত্রে এক অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছে।

একটি নির্ভরযোগ্য সৃত্রে জানা গেছে, ইতিপূর্বে দেশের বেসরকারী স্কুল ও কলেজসমূহকে কতিপয় শর্ত পূরণের পর সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতি এবং নবম ও একাদশ শ্রেণী খোলার অনুমতি প্রদানের প্রথা প্রচলিত ছিল। প্রেসিডেন্টের সচিবালয় থেকে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্বীকৃতির ক্ষেত্রে গত ৬ আগস্ট এক নির্দেশ জারির ফলে স্কুল ও কলেজগুলোর স্বীকৃতির ক্ষেত্রে এই অচলাবস্থার সৃষ্টি হয়েছে।

অন্য একটি বিশেষ সৃত্রে জানা গেছে,

২. হাজার স্কুল-কলেজের নবম ও একাদশ শ্রেণী খোলার দরখাস্ত জমা হয়ে আছে। কিন্তু প্রেসিডেন্টের সচিবালয়ের নির্দেশের ফলে এ

ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষ কোন সিদ্ধান্ত

নেয়া থেকে বিরত থাকছেন।

উক্ত নির্দেশের ফলে সারা দেশের অপেক্ষমান স্কুল ও কলেজের মঙ্গুরী বন্ধ থাকায় এবং নবম ও একাদশ শ্রেণী খোলার অনুমতি না পাওয়ায় শিক্ষা ব্যবস্থার অচলাবস্থা সৃষ্টির অশংকা করা হচ্ছে। এতে শিক্ষা সম্প্রসারণ বিস্থিত হওয়ারও সম্ভাবনা দেখা দিয়েছে।

স্কুল ও কলেজের মঙ্গুরী এবং নবম ও একাদশ শ্রেণী খোলার অনুমতির ব্যাপারে এ ধরনের কঠোর নির্দেশের পরিবর্তে প্রচলিত পদ্ধতিই অধিকতর উক্তম ছিল, বলে অভিজ্ঞ মহলের ধারণা।